

গ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টা: ৫,১৪,১৮০.৮৯৩ (পাঁচ লক্ষ চৌদ্দ হাজার এক শত আশি দশমিক আট নয় তিন) টাকা প্রাক্কলনের ভিতর পাট-বি তে ঠিকাদারের মালমাল ও লেবার সরবরাহ বাবদ টা: ৪,৯৮,২৯৭.৮৭৬ (চার লক্ষ আটানব্বই হাজার দুই শত সাতানব্বই দশমিক আট সাত ছয় টাকা মাত্র) "দরপত্র মূল্য" হিসেবে প্রশাসনিক, অর্থিক ও কারিগরী সদয় অনুমোদন।

ঘ) বর্ণিত কাজটি অত্যন্ত জরুরী বিধায় STD অনুযায়ী PPA-2006, PPR-2025 এর ৯০ (১) বিধি মোতাবেক কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতি অনুসরণ করে দরপত্র আহ্বান করে কার্য সম্পাদনের সদয় অনুমোদন।

আলোচ্য কাজটি "ব্যবস্থাপনা পরিচালক" মহোদয়ের অনুমোদনের আওতাধীন যা, সবনিম্নে পেশ করা হ'ল।

Andep
11.05.26.

AF
Amr
11.05.26

EE
Ramir
11.05.26

SE, MODS *Yrde-1*

CE

সংস্থাপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬
ঢাকা ওয়াসা।

মোঃ আসিফ হোসনাইন মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা। মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

hct
28/05/26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৭৩৬
১৭/০৫/২৬

৭৩৬
১৭/০৫/২৬
১৪/০৫/২৬

Amr
14/05/26

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMSC *CO/2* *NY*

11/05/26
মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (ওয়াসা)
ঢাকা ওয়াসা।

NY
০৪/মে/২৬। প্রকল্প কাজটি e-GP (LTM)

পদ্ধতিতে করা হবে।

Dmd

DMSC
১৫-৫-২০২৬
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-১।	মডস জোন-৬ এর ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
ক্রমিক নং-২।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, অঞ্চল-২, প্রকৌশল বিভাগ হতে প্রাপ্ত পত্র।
ক্রমিক নং-৩।	স্মারক নং-৪৬.২০৭.০১৬.২৪.০২.৩০১৭.২০২৬ তারিখ: ০৫/০৫/২০২৫ খ্রি:।
ক্রমিক নং-৪।	পূর্বানুমোদিত দর এর কপি।
ক্রমিক নং-৫।	প্রাক্কলন।
ক্রমিক নং-৬।	প্রতিবেদন।

বিষয় :- Existing 110 mm dia HDPE water line & House connection relocation and shifting at Bijoy Nagar 71 Hotel Goli, Bijoy Nagar, Dhaka of DMA-615 under MODS Zone-6, Dhaka WASA, Dhaka.

অনুচ্ছেদ: ১:-উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৬ এর আওতাধীন ঢাকা মহানগরীর অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জনবহুল এলাকায় বিদ্যমান নেটওয়ার্ক এর মাধ্যমে সম্মানিত গ্রাহক হোল্ডিং এ পানি সরবরাহ করা হচ্ছে। অত্র জোনের অন্তর্গত ডিএমএ-৬১৫ এর অন্তর্ভুক্ত ফকিরাপুল, আরামবাগ, শান্তিনগর, নয়া পল্টন, পুরান পল্টন, বিজয়নগর, সেগুনবাগিচা ইত্যাদি এলাকায় পাম্প কম্পাউন্ডে বিদ্যমান পানির পাম্প ও সারফেস ওয়াটার এলাকায় বিদ্যমান নেটওয়ার্ক এর মাধ্যমে সরবরাহ করা হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নগর বাসীর ড্রেনেজ ব্যবস্থাপনা এবং যান ও জন চলাচল ব্যবস্থাপনা উন্নয়নের জন্য বিভিন্ন সময় আওতাধীন এলাকার বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন করেন, যা মাঠ পর্যায়ে বিভিন্ন সময় প্রকৌশল বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। যার অংশ হিসেবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রকৌশল বিভাগের অঞ্চল-২ এর মাধ্যমে ১৩ নং ওয়ার্ডস্থিত ৭১ হোটেল গলি (হো: নং-৪৭ বিজয়নগর হতে হো: নং- ৭৬ পুরান পল্টন, হো: নং-৬৩ বিজয় নগর হতে হো: নং-৩৫ বিজয় নগর পর্যন্ত) লেন বাইলেনে নর্দমা নির্মাণসহ রাস্তার উন্নয়ন কাজ চলমান রয়েছে (ক্রমিক নং- ২ সদয় দ্রষ্টব্য)। উল্লেখ্য স্থানে বিদ্যমান ড্রেন এর স্থলে আরসিসি ইউ চ্যানেল ড্রেন নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত আরসিসি ড্রেনের সেন্টার এলাইনমেন্ট বরাবর ঢাকা ওয়াসার ১১০ মিমি ব্যাসের পানির লাইন রয়েছে এবং প্রায় বেশ কয়েকটি হোল্ডিং এর সার্ভিস কানেকশন বিদ্যমান আছে। বর্তমান অবস্থান হতে পানির লাইন স্থানান্তর করে পুনঃস্থাপন করা না হলে ভবিষ্যতে ড্রেন পরিষ্কার কাজ করতে গিয়ে পানির লাইন ক্ষতিগ্রস্ত হতে পারে এবং সম্মানিত গ্রাহকগণ ময়লা পানি পাওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া পানির লাইনটি ড্রেনের ভিতর থাকলে তা প্রয়োজনে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা সম্ভব হবে না। সেপ্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্মাণাধীন আরসিসি ড্রেনের এলাইনমেন্ট হতে পানির লাইন সুরক্ষিত রাখতে এবং সম্মানিত গ্রাহকদের নিরাপদ পানি সরবরাহের নিমিত্তে অত্যন্ত জরুরী ভিত্তিতে পানির লাইন স্থানান্তর এবং পুনঃস্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ২:-আলোচ্য পানির লাইন জরুরী ভিত্তিতে স্থানান্তর কাজের জন্য নির্দেশনা মোতাবেক ঢাকা ওয়াসার রেট সিডিউল, পিডারিউডি-২০২২(সংশোধিত) এর দর, DWSNIP প্রকল্পের দর, ইউটিলিটি শিফটিং প্রকল্পের দর, সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট অনুমোদিত দর,পূর্বানুমোদিত দর এবং দর বিশ্লেষণ অনুযায়ী একটি প্রাক্কলন (সংযুক্তি-৬ সদয় দ্রষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে পাট-এ বিভাগীয় মালমাল বাবদ টা : ১৫,৮৮৩.০১৭ (টাকা পনের হাজার আট শত তিরিশি দশমিক শূন্য এক সাত), পাট-বি তে ঠিকাদারের প্রয়োজনীয় মালমাল ও লেবার সরবরাহ বাবদ টা:৪৮,২৯৭.৮৭৬ (চার লক্ষ আটানব্বই হাজার দুই শত সাতানব্বই দশমিক আট সাত ছয় টাকা মাত্র) যা "দরপত্র মূল্য" হিসেবে বিবেচ্য এবং পাট-সি তে রাস্তা খনন বাবদ ক্ষতিপূরণের প্রয়োজন নেই (উল্লেখ্য যে, উক্ত রাস্তা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন উন্নয়নমূলক কাজে চলমান রয়েছে)। সেপ্রেক্ষিতে সর্বসাকুল্যে প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে টা: ৫,১৪,১৮০.৮৯৩ (পাঁচ লক্ষ চৌদ্দ হাজার এক শত আশি দশমিক আট নয় তিন) টাকা মাত্র। বর্ণিত কাজের প্রয়োজনীয় মালমাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার বিভাগ অথবা মডস জোন-৬ এর উপ-ভান্ডার হতে সংগ্রহ করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের অনুকূলে অনুমোদিত ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত ক্রয় পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (কোড নং-০১-০৪-০০১) এর থেকে বরাদ্দ হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজের ক্রয় ও চুক্তি বাস্তবায়ন করবেন Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA। বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন "ব্যবস্থাপনা পরিচালক" মহোদয়।

অনুচ্ছেদ: ৩:-এমতাবস্থায়, Existing 110 mm dia HDPE water line & House connection relocation and shifting at Bijoy Nagar 71 Hotel Goli, Bijoy Nagar, Dhaka of DMA-615 under MODS Zone-6, Dhaka WASA, Dhaka শীর্ষক পানির লাইন অপসারণ/প্রতিস্থাপন কাজটি বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে, যা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন:

ক) আলোচ্য ১১০ মিমি ব্যাসের এইচডিপিই পানির লাইন ও সার্ভিস কানেকশন অপসারণ/প্রতিস্থাপন কাজটি বাস্তবায়নের জন্য আর্থিক, প্রশাসনিক ও কারিগরী অনুমোদন।

খ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত প্রাক্কলনে পাট-এ বিভাগীয় মালমাল বাবদ টা : ১৫,৮৮৩.০১৭ (টাকা পনের হাজার আট শত তিরিশি দশমিক শূন্য এক সাত), পাট-বি তে ঠিকাদারের প্রয়োজনীয় মালমাল ও লেবার সরবরাহ বাবদ টা:৪৮,২৯৭.৮৭৬ (চার লক্ষ আটানব্বই হাজার দুই শত সাতানব্বই দশমিক আট সাত ছয় টাকা মাত্র) যা "দরপত্র মূল্য" হিসেবে বিবেচ্য সহ সর্বমোট টা: ৫,১৪,১৮০.৮৯৩ (পাঁচ লক্ষ চৌদ্দ হাজার এক শত আশি দশমিক আট নয় তিন) মূল্যের প্রাক্কলনটির প্রশাসনিক, আর্থিক ও কারিগরী সদয় অনুমোদন।

[Handwritten signatures]